গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ
www.shailkupa.jhenaidah.gov.bd

## আইসিটি কমিটির নভেম্বর, ২০২৫ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবিরণী

সভাপতি : স্নিগ্ধা দাস
উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
সভার তারিখ : ২৫-১১-২০২৫ খ্রিঃ
সভার সময় : বেলা ০৩:০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এ উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়নে আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ : সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা কর্তৃক ম্নম্ব ম অক্টোবর, ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td><td>কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো।</td><td></td></tr>
<tr><td>০২। মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ একাডেমিক সুপারভাইজার, শৈলকুপা, ঝিনাইদহ জানান অক্টোবর, ২০২৫ মাসে উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে ৯০ টি শিক্ষাপ্রতিষ্ঠানে ৫২০টি মাল্টিমিডিয়া ক্লাস হয়।</td><td>১। নষ্ট / মেরামতযোগ্য কম্পিউটার সামগ্রী স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান নিজ খরচে মেরামত করবে।<br>২। প্রতিমাসে শিক্ষাপ্রতিষ্ঠান ওয়ারি মাল্টিমিডিয়া ক্লাসের সংখ্যার রিপোর্ট০ দিতে হবে।</td><td>মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা/ স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান</td></tr>
<tr><td>০৩। উদ্যোক্তাদের আয়-ব্যয় ও সার্বিক তথ্য : সভাপতি বলেন যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আইসিটি কার্যক্রমের মান বৃদ্ধি করতে হবে। তিনি আরও বলেন যে, ইউনিয়ন পরিষদ কি কি সেবা দেয় তার তালিকা থাকতে হবে। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনের সময় এসকল তালিকা দেখার নির্দেশনা প্রদান করেন। সকল ইউডিসি উদ্যোক্তাগণকে জন্ম-মৃত্যু বিধান সংক্রান্ত নতুন নীতিমালা অনুসারে যথাযথভাবে নতুন আবেদন দাখিল ও সংশোধনের আবেদন গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন। উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা জানান প্রতিটি ইউডিসি রেজিস্টারভুক্ত আয় ও সেবাগ্রহীতার সংখ্যার মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৩ তারিখের মধ্যে উপজেলায় প্রেরণের জন্য অনুরোধ করা হয়। অক্টোবর/২০২৫ মাসের আয়ের তথ্য-
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ডিজিটাল সেন্টারের নাম</th><th>মোট সেবাগ্রহীতা</th><th>মোট আয়</th></tr>
<tr><td>০১</td><td>ত্রিবেনী ইউনিয়ন</td><td>১০৫</td><td>১১২০০/-</td></tr>
<tr><td>০২</td><td>মির্জাপুর ইউনিয়ন</td><td>২৯০</td><td>১৩৮০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>দিঘনগর ইউনিয়ন</td><td>৩০০</td><td>২০০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>কাচেঁরকোল ইউনিয়ন</td><td>২৪৫</td><td>১৪০৫০/-</td></tr>
<tr><td>০৫</td><td>সারুটিয়া ইউনিয়ন</td><td>২০৩</td><td>১৬২০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>হাকিমপুর ইউনিয়ন</td><td>২৩২</td><td>১৩৪০০/-</td></tr>
</table></td><td>১। ১৪ টি ইউনিয়ন পরিষদের সকল ইউডিসি উদ্যোক্তাগনকে সভায় উপস্থিত থাকতে হবে।<br>২। জন্ম নিবন্ধন সংশোধনের ক্ষেত্রে প্রাথমিকভাবে কাগজপত্র যাচাই করে আবেদন করতে হবে।<br>৩। জন্মতারিখ সংশোধনের ক্ষেত্রে আবেদনকারিকে সঠিক কাগজপত্র নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কাছে যাচাইকরণের জন্য পাঠাতে হবে। উপজেলা থেকে যাচাইকরণের পর ইউনিয়ন পরিষদ জন্মতারিখ সংশোধনের আবেদন গ্রহণ করবে।<br>৪।জন্মনিবন্ধন/মৃত্যুনিবন্ধন আবেদন ও সংশোধনের ক্ষেত্রে আবেদন করার পর আবেদনের কপি প্রিন্টপূর্বক আবেদনকারী কর্তৃক স্বক্ষর করত অফিসে সংরক্ষণ করতে হবে এবং ফটোকপি করে ১কপি আবেদন কারীকে দিতে হবে।<br>৫। শৈলকুপা উপজেলায় ১৪ টি ইউনিয়ন পরিষদের</td><td>উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা/ ইউডিসি উদ্যোক্তাগণ, শৈলকুপা</td></tr>
</table>

CamScanner

<table>
<tr>
<td>
<table>
<tr><td>০৭</td><td>মনোহরপুর ইউনিয়ন</td><td>২৮০</td><td>১২৮০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>নিত্যানন্দপুর ইউনিয়ন</td><td>২৫৭</td><td>২৩৬০০/-</td></tr>
<tr><td>০৯</td><td>দুধসর ইউনিয়ন</td><td>১৯৩</td><td>১৩২০০/-</td></tr>
<tr><td>১০</td><td>উমেদপুর ইউনিয়ন</td><td>১৯৮</td><td>১১৯০০/-</td></tr>
<tr><td>১১</td><td>আবাইপুর ইউনিয়ন</td><td>২০৫</td><td>১২৫৬০/-</td></tr>
<tr><td>১২</td><td>ফুলহরি ইউনিয়ন</td><td>২৭০</td><td>১৫০০০/-</td></tr>
<tr><td>১৩</td><td>বগুড়া ইউনিয়ন</td><td>২৩০</td><td>১৩৪০০/-</td></tr>
<tr><td>১৪</td><td>ধলহরাচন্দ্র ইউনিয়ন</td><td>১৫৭</td><td>১৮৫০০/-</td></tr>
<tr><td></td><td></td><td>৩১৬৫</td><td>২০৯৬১০/-</td></tr>
</table>
</td>
<td>উদোক্তাগণকে আয় রেজিস্টার খুলতে হবে।<br>৬। উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ(সকল), শৈলকুপার নির্দিষ্ট সেবামূল্য তালিকা করতে হবে।<br>৭। যে সকল ইউনিয়ন পরিষদে উদ্যোক্তা নেই সেই সকল পরিষদে উদ্যোক্তা নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮। প্রতি মাসিক মিটিং এ উপস্থিত হওয়ার সময় স্ব স্ব ইউনিয়েনর আয় রেজিস্টার সাথে আনতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: আলোচনা চলাকালে সভাপতি জানান, সংশ্লিষ্ট অফিস তাদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশ করে হালনাগাদ করবেন। সকল দপ্তর সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে সেবাবক্স আকারে আপলোড করবেন। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এটি সব সময় হালনাগাদ করা প্রয়োজন। উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা জানান, ইউনিয়ন পোর্টাল হালনাগাদকরণের জন্য ইতোমধ্যে চিঠি প্রদান করা হয়েছে। তিনি আরো জানান, উপজেলা পোর্টাল, সরকারি অফিসে অন্তর্ভূক্ত স্ব স্ব দপ্তর ও ইউনিয়ন পোর্টালে সিকিউরিটির কারণে Two factor authentication system চালু হয়েছে যার কারণে লগইন করার জন্য অনুরোধ করলে একটি ওটিপি স্ব স্ব পোর্টালে দেওয়া ইমেইলে যাচ্ছে।</td>
<td>১। বিগত সরকারের ব্যনার পরবর্তন করতে হবে।<br>২। ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত সকল দপ্তর দ্রুত তথ্য হালনাগাদ করবেন।<br>৩। স্ব স্ব দপ্তরের ভাতাভোগীদের তালিকা, নোটিশ, খবর আপডেট করতে হবে।<br>৪। সকল দপ্তর সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে সেবাবক্স আকারে আপলোড করবে।<br>৫। সিকিউরিটির কারণে ওয়েব পোর্টালের পাসওয়ার্ড ৩/৪ মাস অন্তর অন্তর পরিবর্তন করতে হবে।<br>৬। লগইন করতে সমস্যা হলে উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপার সাথে যোগাযোগ করবেন।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা ঝিনাইদহ।<br>স্ব স্ব দপ্তর/<br>উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা ঝিনাইদহ, প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ(সকল), শৈলকুপা ।</td>
</tr>
<tr>
<td>০৫। ডি-নথিকার্যক্রমের বৃদ্ধিকরণ : উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা সভায় জানান, শৈলকুপা উপজেলায় ২১টি দপ্তর এখন ডি-নথির আওতাভুক্ত।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>দপ্তরের নাম</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়</td><td>ইউজার আইডি সচল আছে।</td></tr>
<tr><td>০২</td><td>সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়</td><td>ইউজার আইডি সচল আছে।</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদ, শৈলকুপা</td><td>ইউজার আইডি সচল নেই।</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স</td><td>ইউজার আইডি সচল নেই।</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা কৃষি অফিসারের কার্যালয়</td><td>ইউজার আইডি সচল</td></tr>
</table>
</td>
<td>১। দপ্তর ভিত্তিক ডি-নথি সম্পৃক্ত সকল দপ্তরকে কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে।<br>২। ডিনথির আওতাভূক্ত দপ্তর সমূহের যাদের ইউজার আইডি নেই, সেই সকল দপ্তর ইউজার তৈরীর জন্য উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা কর্তৃক প্রেরিত ছক পূরণপূর্বক তাকে t.tanjila.ap.doict@gmail.com ইমেইলে পাঠাবেন।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার শৈলকুপা, ঝিনাইদহ/<br>স্ব স্ব দপ্তর/<br>উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।</td>
</tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | নেই। | | |
| ০৬ | উপজেলা প্রাণীসম্পদ অফিসারের কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ০৯ | উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ১১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | ইউজার আইডি সচল আছে। | | |
| ১৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ১৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শৈলকুপা | ইউজার আইডি সচল আছে। | | |
| ১৫ | উপজেলা সমবায় অফিসারের কার্যালয় | ইউজার আইডি সচল আছে। | | |
| ১৬ | শৈলকুপা সরকারী ডিগ্রী কলেজ | ইউজার আইডি সচল নেই। | | |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ১৮ | উপজেলা নির্বাচন অফিস | ইউজার আইডি সচল নেই। | | |
| ১৯ | উপজেলা প্রকৌশলীর কার্যালয় | ইউজার আইডি সচল নেই। | | |
| ২০ | উপজেলা রিসোর্স সেন্টার | ইউজার আইডি সচল নেই। | | |
| ২১ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল | ইউজার আইডি সচল নেই। | | |
| ০৭। **ইডিসি প্রকল্পঃ** ইডিসি প্রকল্পের আওতায় শৈলকুপা উপজেলায় ইউনিয়ন পর্যায়ে ১৫৯টি সরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেক্টিভিটির কাজ সমাপ্ত হয়েছে। যা Triangle BD নামক ভেন্ডর প্রতিষ্ঠান কাজ করছে। শৈলকুপা উপজেলায় মোট ৩৩০ টি সরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেক্টিভিটির কাজ হবে। | | | ১। যথাযথভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ/ Triangle BD |
| ০৮। **আইসিটিডি ল্যাব:** ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৮-২০১৯ অর্থবছরে আইসিটিডি ল্যাবপ্রাপ্ত কিছু শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাপটপ, ডেস্কটপ, প্রিন্টার নষ্ট/মেরামতযোগ্য অবস্থায় রয়েছে। গত ০২-০৫-২০২৩ খ্রিঃ তারিখে বিপ্রবগদিয়া মাধ্যমিক বিদ্যালয়ে স্থাপিত আইসিটিডি ল্যাব থেকে চুরি হয়ে যাওয়া ৫টি ল্যাপটপ ও কম্পিউটার সামগ্রী মধ্যে ১টি ল্যাপটপ বিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিস্থাপন করেছেন এবং বাকি ৪টি ল্যাপটপ সহ অন্যান্য চুরিকৃত ল্যাপটপ সামগ্রী | | | ১) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২) নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন করতে হবে।<br>৩) পরিদর্শনকৃত প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৪) ল্যাব সম্বলিত শিক্ষা | মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা/ উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা ঝিনাইদহ। |

CamScanner

| | | |
|---|---|---|
| পর্যায়ক্রমে কিনবেন মর্মে জানিয়েছেন। গত ২২-০৮-২৪ খ্রিঃ তারিখ হিতামপুর মাধ্যমিক বিদ্যালয়ের আইসিটিডি ল্যাব হতে ১৬টি ল্যাপটপ চুরি হয়ে গেছে পরবর্তীতে ২৮-০৮-২০২৪ তারিখ ১৩টি ল্যাপটপ পাওয়া যায়, তিনটি ল্যাপটপ এখনো পাওয়া যায়নি যার একটি শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ২৫/০৭/২০২৫ খ্রিঃ তারিখ প্রতিস্থাপন করেছেন মর্মে জানিয়েছেন। | প্রতিষ্ঠানে সিসিটিভি ক্যামেরার আওতাভুক্ত এবং নিরাপত্তা জোরদার করতে হবে।<br>৫। আইসিটিডি ল্যাব রক্ষনাবেক্ষণ গাইডলাইন অনুযায়ী ল্যাবের চুরিকৃত যন্ত্রাংশ ৩০ দিনের ভিতরে প্রতিস্থাপন করতে হবে। | |
| ০৯। বিবিধঃ আলোচনা চলাকালে সভাপতি বলেন, উপজেলা আইসিটি অফিসার আগামি উপজেলা আইসিটি সভায় সাইবার সিকিউরটির বিষয়ক প্রেজেন্টেশন উপস্থাপন করবেন। | ১) উপজেলা আইসিটি অফিসার সাইবার সিকিউরটির বিষয়ক প্রেজেন্টেশন উপস্থাপন করবেন।<br>২)উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ' সংক্রান্ত উপজেলা কমিটির গঠন করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা ঝিনাইদহ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

রিঙ্কী দাস
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নম্বর- ৫৬.০৪.৪৪৮০.০০০.০০০.০৬.০০০৩.২৫.৭২

তারিখ : ১০ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ অক্টোবর, ২০২৫ খ্রি.

<u>অনুলিপি: সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ
০৪। জেলা আইসিটি অফিসার, জেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর, ঝিনাইদহ।
০৫। জনাব..........................................................................., শৈলকুপা, ঝিনাইদহ।
০৬। অফিস কপি।

রোকাইয়া তানজিলা
উপজেলা আইসিটি অফিসার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
শৈলকুপা, ঝিনাইদহ
ইমেইল-t.tanjila.ap.doict@gmail.com

CamScanner